গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

www.gecp.edu.bd

e-mail:edwardcollegebd@yahoo.com

স্মারক নং-সএক/১১২৯ তারিখ : ১০.১২.২০২৪ খ্রি.

## ২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ নিম্নোক্ত সময় ও নিয়ম অনুযায়ী সম্পন্ন করতে হবে।

### ফরমপূরণ, টাকা জমা ও ফরম জমার সময়সূচি :

| ফরম পূরণ ও টাকা জমার তারিখ | গ্রুপ | ১ম বর্ষ | কমিটির নিকট ফরম জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|
| ১০/১২/২০২৪ হতে ১৫/১২/২০২৪ পর্যন্ত | বি.এ, বি.এসসি, বি.এস.এস, বি.বি.এস | নিয়মিত, অনিয়মিত, অকৃতকার্য, মানোন্নয়ন, প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স | ১৭/১২/২০২৪ |

১। ক) প্রত্যেক পরীক্ষার্থীকে তার ডাউনলোডকৃত আবেদনপত্রে উল্লিখিত টাকাসহ নিম্নোক্ত পাওনাদি পরিশোধ করতে হবে।

| | |
|---|---|
| (i) কেন্দ্র ফি (তত্ত্বীয়) | = ৪৫০/- |
| (ii) ইনকোর্স পরীক্ষা ফি | = ২০০/- |
| (iii) নির্বাচনী পরীক্ষার ফি ৫০×৭ | = ৩৫০/- |
| (iv) ব্যবস্থাপনা ফি | = ৫০/- |
| মোট | = ১,০৫০/- |

### (খ) নিয়মিত ও অনিয়মিতদের জন্য টাকার বিবরণ:

| পরীক্ষার্থীর ধরণ | কেন্দ্র ফি ও কলেজের পাওনা | বেতন ও সেশন ফি | মোট | জাতীয় বিশ্ব: পাওনা | |
|---|---|---|---|---|---|
| বি.এ, বি.এস.এস, বি.বি.এস ও বি.এসসি | ১০৫০/- | ২৪১৬/- | ৩৪৬৬/- | ফরমে উল্লেখিত টাকা | ফরমে উল্লেখিত টাকা+কেন্দ্র ফি, কলেজের পাওনা+বেতন ও সেশন ফি যোগ করে মোট পাওনা রকেট এ্যাপের মাধ্যমে প্রদান করতে হবে। |
| প্রাইভেট | ৭০০/- | বেতন ও সেশন ফি জমা দিতে হবে না। | | | |
| সার্টিফিকেট কোর্স | ৭০০/- | | | | |

** অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের টাকার বিবরণ:

**পরীক্ষার্থীরা ডাউনলোডকৃত আবেদন ফর্মে উল্লিখিত টাকার সাথে ৫০০/-(পাঁচশত) টাকা যোগ করে রকেট এ্যাপের মাধ্যমে প্রদান করতে হবে।**

২। পরীক্ষায় অংশগহণের প্রয়োজনীয় শর্তাবলী :

ক) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (৭০০ নম্বর): নিয়মিত:

i) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (৭০০ নম্বর): অনিয়মিত:

i) ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২০, ২০২১ ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iii) ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯,২০২০, ২০২১ ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (**Promoted-C**) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামুলক।

iv) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে "স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

v) ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

গ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ মানোন্নয়ন পরীক্ষা:

i) ২০১৮-১৯, ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৯, ২০২০ ২০২১ ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় প্রথমবারের মত অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে **C** ও **D** গ্রেড পেয়েছে তারা **C** ও **D** গ্রেড পাওয়া সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে **F** গ্রেড প্রাপ্ত পত্রে **C** বা **D** গ্রেডে উন্নীত হলে ঐ পত্রে মানোন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নাই।

(ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর):

i) ২০২৩ সালের সার্টিফিকেট কোর্স-এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০২০, ২০২১ ও ২০২২ সালের সার্টিফিকেট কোর্সের শিক্ষার্থী যারা ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (**Not Promoted**) হয়েছে তারা ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iii) এসকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৩। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) :

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(www. nubd.info/ form Fillup)** এ গিয়ে **Apply to online form Fillup (For Student)** -এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নাম্বার দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীদের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। ফরমের উভয় অংশ ডিগ্রি ১ম বর্ষ ফরম পূরণ কমিটির নিকট জমা দিতে হবে।

**ঘ) নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট (সকল পত্র) পরীক্ষার্থীদের ফি জমার পদ্ধতিঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরম ডাউনলোড করার পর পরীক্ষার্থীরা সরাসরি bKash, Rocket, অথবা Nagad এর মাধ্যমে Registration No দিয়ে ফরম পূরণের নির্দেশিত টাকা পরিশোধ করবে।**

**ধাপসমূহ :**

১) bKash, Rocket, **অথবা** Nagad-এ Pin **দিয়ে** Login **করতে হবে**

২) Education Fee **এ গিয়ে প্রতিষ্ঠানের নাম বা ধরন** (Govt. Edward College) **দিতে হবে**

৩) **বিল সময়সীমা** November ২০২৪ **সিলেক্ট করতে হবে।**

৪) **অতঃপর** Student ID **ব্যবহার করে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর** (**যথা রেজিঃ কার্ড গ্রহণ করে নাই, তাদেরকে কলেজ থেকে সংগ্রহ করতে হবে**) **দিয়ে নির্দেশিত ফি পরিশোধ করতে হবে।**

৫) **এরপর শিক্ষার্থীরা** https://edwardcollege.eshiksabd.com **এ** User Name: edwardstudent **এবং** Password: edwardstudent Login **করবে**

৬) Form Fillup Reprint **এ ক্লিক করে** Registration No **দিয়ে টাকা জমার রশিদ ডাউনলোড ও প্রিন্ট করে প্রয়োজনীয় কাগজপত্রসহ কলেজে জমা প্রদান করতে হবে।**

**ঙ) মানোন্নয়ন/অনিয়মিত (১ বা একাধিক বিষয়) ফরম পূরণ প্রক্রিয়াঃ**

**ধাপসমূহ :**

১) https://edwardcollege.eshiksabd.com **এ** User Name: edwardstudent **এবং** Password: edwardstudent **দিয়ে লগইন করবে**

২) Improvement Form Fillup **এ ক্লিক করবে**

৩) **অতঃপর** ①Registration No, ②Exam Academic Year, ③Exam Session **সিলেক্ট করবে**

৪) View Charge and Course Detail **ক্লিক করবে।**

৫) **এরপর জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে যত বিষয়ে মানোন্নয়ন ফরম পূরণ করছে, এখানেও ততই বিষয় সিলেক্ট করে তথ্য পূরণ করে** Save & Print **করতে হবে।**

৬) এরপর শিক্ষার্থীরা bKash, Rocket, অথবা Nagad -এ Pin দিয়ে Login করে উপরে উল্লেখিত একই পদ্ধতি অনুসরণ পূর্বক Form Fillup Reprint মাধ্যমে ডাউনলোডকৃত ফরম Print করতে হবে। এরপর রশিদসহ প্রয়োজনীয় কাগজপত্র কলেজে জমা প্রদান করতে হবে।

চ) কলেজে ফরম জমা: ফরম পূরণের আবেদন ফরমের সাথে **Pay Slip**/টাকা জমার রশিদ, রেজি. কার্ডের ফটোকপি, গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে বিগত পরীক্ষার ফলাফলের কপি সংযুক্ত করে ০১ সেট অবশ্যই উল্লিখিত তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) প্রশাসনিক ভবনের ১০২ নম্বর কক্ষে জমা দিতে হবে।

বি:দ্র: নির্ধারিত তারিখের মধ্যে ফরম জমা না দিলে শিক্ষার্থীদের ফরম পূরণ সম্পন্ন হবে না।

প্রয়োজনে যোগাযোগ: ১। ড. মো. রফিকুল ইসলাম, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান-সদস্য- ০১৭১৬-৩৩১১৩৬

২। মো. নাজমুল হক, সহকারী অধ্যাপক, ইংরেজি-সদস্য- ০১৭১৭-১৪১৯০৭

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ
পাবনা।
(প্রফেসর মোঃ আব্দুল আউয়াল মিয়া)
অধ্যক্ষ (আইডি নং-০৭৭৮১)
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

১০/১২/২৪
( মোঃ আব্দুল বারী সেখ )

আহবায়ক
ডিগ্রি (পাস) ১ম বর্ষ ফরম পূরণ কমিটি-২০২৩
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
তারিখ : ১০.১২.২০২৪ খ্রি.

স্মারক নং-সএক/১১২১(৩১)

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হল :

১। উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
৩-১৯। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২০-২৬। সুপার, সকল হল, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৭। আহবায়ক, ওয়েব সাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৮। গ্রন্থাগারিক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৯। হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
৩০। নোটিশ বোর্ড, অত্র কলেজ।
৩১। অফিস নথি।

১০/১২/২৪
(মোঃ আব্দুল বারী সেখ)
আহবায়ক
ডিগ্রি (পাস) ১ম বর্ষ ফরম পূরণ কমিটি-২০২৩
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।